

বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর
৩২, ঈশা খাঁ অ্যাভিনিউ, সেক্টর-৬
উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০
তারিখ: ৫৮৯৫১১৪০
Website: www.bncc.gov.bd

২৪ ফাল্গুন ১৪২৪

০৮ মার্চ ২০১৮

২৩.০৬.০০০০.০০০.১১.০১০.১৬-৫৮

বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি) অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত ২০তম গ্রেডের পরিচ্ছন্নতাকর্মী পদের মৌখিক পরীক্ষা অনুষ্ঠান প্রসঙ্গে।

১। বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি) অধিদপ্তরের পত্র নং ২৩.০৬.০০০০.০০০.১১.০১০.১৬-১১৩, তারিখঃ ১৬ মে ২০১৭ এর মাধ্যমে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে যে সকল প্রার্থী বিএনসিসি অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত ২০তম গ্রেডের পরিচ্ছন্নতাকর্মী পদে আবেদন করেছেন সে সকল প্রার্থীর মৌখিক পরীক্ষা আগামী ১৬/০৩/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হবে।

২। পরিচ্ছন্নতাকর্মী পদের মৌখিক পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলী নিম্নরূপঃ

ক। পরিচ্ছন্নতাকর্মী পদের প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ১৬/০৩/২০১৮ খ্রিঃ তারিখ সকাল ০৮০০ ঘটিকায় বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি) অধিদপ্তরে অনুষ্ঠিত হবে। বিএনসিসি অধিদপ্তরের ঠিকানাঃ ৩২, ঈশা খাঁ অ্যাভিনিউ, সেক্টর-৬, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।

খ। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় সকল প্রকার মূল সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্র) সংগে আনতে হবে। এছাড়াও সকল প্রকার মূল সনদপত্রের ০১ (এক) সেট সত্যায়িত ছায়ালিপি কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে। মূল সনদপত্র ব্যতীত কোন পরীক্ষার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

গ। পরিচ্ছন্নতাকর্মী পদে জাত হরিজন দাবীকৃত প্রার্থীদের জাত হরিজনের স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত মূল সনদপত্র দাখিল করতে হবে। জাত হরিজনের স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত মূল সনদপত্র ব্যতীত কোন প্রার্থী জাত হরিজন প্রার্থী হিসেবে বিবেচিত হবেন না।

ঘ। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য রঞ্জিন ছবিসহ Admit Card সংগে আনতে হবে। <http://bncc.teletalk.com.bd> ওয়েবসাইট থেকে Admit Card ডাউনলোড করতে হবে। রঞ্জিন Admit Card ব্যতীত কোন প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

ঙ। সকল প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় Online-এ আবেদনকৃত আবেদন ফরম এর Applicants Copy কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।

চ। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৩। পরিচ্ছন্নতাকর্মী পদে আবেদনকৃত সকল প্রার্থীকে যথাসময়ে ও যথানিয়মে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সালেহ উদ্দিন মনসুর আহমেদ
মেজর
উপপরিচালক (প্রশাসন) ও
সদস্য সচিব বিভাগীয় নির্বাচন কমিটি
বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর